ছেলে হোক,মেয়ে হোক
দুটি সন্তানই যথেষ্ট।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়
মহাদেবপুর, নওগাঁ।
www.fpo.mohadevpur.naogaon.gov.bd

নং-৫৯.১১.৬৪৫০.০০০.১৬.০০১.২৫-১৫২

তারিখঃ ২৬ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
১১ মার্চ ২০২৫ খ্রিঃ

বিষয়ঃ রাইগাঁ মা ওশিশু কল্যাণ কেন্দ্র এর ভবনটির ঝুকিপূর্ণ অবস্থার বিবরণ ও পুনঃনির্মাণের প্রয়োজণীয়তা সংক্রান্ত।

প্রেরক:
উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা
মহাদেবপুর, নওগাঁ।

প্রাপক:
উপপরিচালক
পরিবার পরিকল্পনা, নওগাঁ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অত্র উপজেলাধীন রাইগাঁ মা ও শিশু কল্যাণ কেন্দ্রটির বর্তমান ভবন ব্যবহারের জন্য সম্পূর্ণ অনুপোযুক্ত এবং ঝুকিপূর্ণ অবস্থায় রয়েছে। সম্প্রতি গত ২৬/০২/২০২৫খ্রিঃ তারিখে ভবনটি সরজমিনে পরিদর্শনের সময় নিম্নলিখিত সমস্যাগুলো লক্ষ্য করা যায়ঃ

১. ভবনের বিভিন্ন অংশে ফাটল দেখা দিয়েছে।
২. ভবনে ছাদের বিভিন্ন অংশ ক্ষয়প্রাপ্ত হয়ে খুলে পড়ছে, যা যেকোন সময় মারাত্মক দূর্ঘটনার কারণ হতে পারে।
৩. দেয়ালের একাধিক অংশে ভাঙ্গা এবং চিড় ধরা লক্ষণীয়।
৪. ডেলিভারী রুমে ছাদের বিভিন্ন অংশে ফাটল দেখা দিয়েছে।
৫. নির্মিত ব্রেস্ট ফিডিং কর্ণারের স্থানটি ও মারাত্মক ঝুকিপূর্ণ।
৬. আবাসিক ভবন সম্পূর্ণ বসবাসের অনুপোযোগী।
৭. পরিদর্শণে আমাদের কাছে ভবনটির অবকাঠামো ঝুকিপূর্ণ বলে প্রতীয়মান হয়েছে এবং যে কোন মূহর্তে দূর্ঘটনার আশঙ্কা করছি।।
৮. নিরাপত্তা কর্মী না থাকায় অফিস/আবাসিক ভবন রাতে অন্ধকারে বিভিন্ন মালামাল চুরি হয়ে থাকে।

উল্লেখ যে, উপজেলা সদর হতে সেবা কেন্দ্রটির দূরত্ব বেশি হওয়ায় প্রতিদিন বহু সংখ্যক সাধারণ রোগী, গর্ভবতী মা ও শিশু কেন্দ্রটিতে চিকিৎসা সেবা নিতে আসে। এছাড়া ও কেন্দ্রটিতে প্রতি মাসে ১৫ থেকে সর্বোচ্চ ৩০টি পর্যন্ত নরমাল ডেলিভারী সম্পাদন করা হয়ে থাকে, বিধায় সেবা কেন্দ্রটি সংশ্লিষ্ট এলাকার জনগণের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ।

বর্তমানে ঝুকিপূর্ণ ভবনটিতে সেবা কার্যক্রম পরিচালনা করা অত্যন্ত ভয়ংকর এবং এ অবস্থায় ভবনটি ব্যবহার করা হলে যে কোন সময় ছাদ ভেঙ্গে পড়ে প্রাণ সংশয়ের আশংকা রয়েছে। কেন্দ্রটিতে সেবা প্রদানের ধারাবাহিকতা নিশ্চিত করতে এবং সেবা গ্রহীতাদের নিরাপত্তা বিধানে সেবা কেন্দ্রটি পুন:নির্মাণের প্রয়োজনীয়তা অত্যন্ত জরুরি।

এমতাবস্থায়, সেবা কেন্দ্রটির গুরুত্ব বিবেচনা করে, বর্তমান ঝুকিপূর্ণ ভবনটি পরিত্যক্ত ঘোষণা করে, জরুরী ভিত্তিতে একটি নতুন ভবন নির্মানের কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য আপনার সদয় দৃষ্টি আকর্ষণ করছি।

11.03.25

মোঃ জাহিদ হাসান
বিসিএস(পরিবার পরিকল্পনা)
উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা
মহাদেবপুর, নওগাঁ।

নং-৫৯.১১.৬৪৫০.০০০.১৬.০০১.২৫-১৫২

তারিখঃ ২৬ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
১১ মার্চ২০২৫ খ্রিঃ

অনুলিপি অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬ কাওরান বাজার, ঢাকা-১২১৫।
২। পরিচালক(প্রশাসন), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬ কাওরান বাজার, ঢাকা-১২১৫।
৩। পরিচালক, পরিবার পরিকল্পনা, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৪। নির্বাহী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৫। সহকারী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নওগাঁ।
৬। অফিস কপি।

11.03.25

মোঃ জাহিদ হাসান
বিসিএস(পরিবার পরিকল্পনা)
উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা
মহাদেবপুর, নওগাঁ।

pension&PRL